

স্মারক নং-০৫.৪৪.৫৫৯৫.০০০.০৩.০১৭.২০- ১০৮

তারিখঃ- ২৭/০১/২০২২ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় শ্রীপুর উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আত্মপ্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১।	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	২ জন	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- ০২। সঙ্গীত শিক্ষক/ আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধাবা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৪। আগামী ২০/০২/২০২২ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৫। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(লিউজা-উল-জান্নাই)

উপজেলা নির্বাহী অফিসার  
শ্রীপুর, মাগুরা

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাগুরা।
- ৪। ..... অফিসার, শ্রীপুর, মাগুরা।
- ৫। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, শ্রীপুর, মাগুরা।
- ৬। ফিল্ড সুপার ভাইজার, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাগুরা।